

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ২৬

তারিখ : ০৯ আশ্বিন, ১৪২১
২৪ সেপ্টেম্বর, ২০১৪

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

শেরপুর জেলার সদর উপজেলা পরিষদ এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার নবীনগর পৌরসভা নির্বাচনের ভোটগ্রহণ উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/০৯/২০১৪ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-২২৭ এবং ২৩/০৯/২০১৪ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-২২৬ এর সূত্রে শেরপুর জেলার সদর উপজেলা পরিষদ এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার নবীনগর পৌরসভা নির্বাচনে ভোটগ্রহণ উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাদ্বয়ে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। এতদপ্রেক্ষিতে, ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাদ্বয়ে অবস্থিত তফসিলি ব্যাংকের সকল শাখা নিম্নে বর্ণিত সময়সূচি মোতাবেক বন্ধ থাকবে :

	নাম	ভোট গ্রহণের তারিখ
০১	শেরপুর জেলার সদর উপজেলা পরিষদ নির্বাচন।	২৫ সেপ্টেম্বর, ২০১৪ তারিখ, বৃহস্পতিবার
০২	ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার নবীনগর পৌরসভা নির্বাচন।	২৯ সেপ্টেম্বর, ২০১৪ তারিখ, সোমবার

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(অসীম কুমার মজুমদার)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৬১